# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, শুক্রবার ২০ মে ২০১৬, ৬ জ্যৈষ্ঠ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিনিয়োগের জন্য বাংলাদেশে আসুন : বুলগেরীয় উদ্যোক্তাদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। অনেক দেশই বাংলাদেশের কাছ থেকে শিখতে পারে
: প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বুলগেরিয়ার প্রেসিডেন্ট

৩। শিক্ষক শ্যামল কান্তি ভক্ত পুনর্বহাল : বিদ্যালয় পরিচালনা পর্ষদ বাতিল
ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার অভিযোগের প্রমাণ মেলেনি : শিক্ষামন্ত্রী

৪। দেশকে আরেক ধাপ উঁচুতে নিতে হলে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে
: প্রকাশনা উৎসবে তথ্যমন্ত্রী

৫। বাংলাদেশ-রাশিয়া বাণিজ্য বিলিয়ন ডলার ছাড়িয়েছে
: স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে বৈঠকে রাশিয়ার স্পিকার

৬। রমজান মাসের প্রথম ১৫ দিন রাত ৮ টার পর দোকান খোলা রাখা যাবে না
: বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৭। বিশ্ব পুঁজিবাজারে ৫০ কোটি ডলারের বন্ড ছাড়বে পিডিবি : সেমিনারে তথ্য

৮। পুরুষ কর্মীদের জন্য এবার উন্মুক্ত হল সৌদি আরবের শ্রমবাজার

৯। রমজানে ব্যাংকে লেনদেন আড়াইটা পর্যন্ত : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

১০। বঙ্গোপসাগরে ধেয়ে আসছে ঘূর্ণিঝড় 'রোয়ানু' : সমুদ্রবন্দরে ৪ নম্বর সর্তক সংকেত

১১। বিশ্ব পরিমাপ দিবস আজ

**১। বিনিয়োগের জন্য বাংলাদেশে আসুন : বুলগেরীয় উদ্যোক্তাদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দু'দেশের পারস্পরিক স্বার্থে কৃষি, জ্বালানি, আইসিটি, সমুদ্র ও পর্যটনসহ বিভিন্ন খাতে বুলগেরিয়ার বিনিয়োগ কামনা করে বলেছেন, উদ্যোক্তাদের বিভিন্ন সুযোগ-সুবিধা দেওয়ার মাধ্যমে আমরা দেশে একটি বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি করেছি। কৃষি, জ্বালানি, আইসিটি, সমুদ্র এবং পর্যটনসহ বিভিন্ন খাতে ব্যাপক আকারে বিনিয়োগের মাধ্যমে আপনারা এ সুযোগ-সুবিধাকে কাজে লাগাতে পারেন। বুলগরিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির **১৫** সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল **১৯** মে বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সোফিয়ার হোটেল মেরিনিলার দ্বিপক্ষীয় সভাকক্ষে সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.**১**,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.**১**), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.**১**), **অবজারভার** (শেষ পৃ.,ক.৩)।
**ইত্তেফাক, জনকণ্ঠ, সমকাল, ইনকিলাব, যায়যায়দিন, আমাদের সময়, অবজারভার, ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। অনেক দেশই বাংলাদেশের কাছ থেকে শিখতে পারে**
**: প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বুলগেরিয়ার প্রেসিডেন্ট**

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের প্রশংসা করে বুলগেরিয়ার প্রেসিডেন্ট রোসেন প্লিভনিলিয়েভ বলেছেন, বিশ্বের অনেক দেশই বাংলাদেশের কাছ থেকে শিখতে পারে। সোফিয়ার প্রেসিডেন্ট ভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে তিনি এ মন্তব্য করেন বলে গতকাল **১৯** মে বৃহস্পতিবার সাংবাদিকদের জানান, তার প্রেস সচিব ইহসানুল করিম। গ্লোবাল উইমেন লিডার্স ফোরামে যোগ দিতে তিন দিনের সফরে গত **১৮** মে বুধবার লন্ডন থেকে বুলগেরিয়ার রাজধানী সোফিয়ায় পৌঁছান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর রোসেন প্লিভনিলিয়েভের সঙ্গে তার বৈঠক হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.**১**,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.**১**)।
**ভোরের কাগজ, মানবকণ্ঠ** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৩। শিক্ষক শ্যামল কান্তি ভক্ত পুনর্বহাল : বিদ্যালয় পরিচালনা পর্ষদ বাতিল**
**ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার অভিযোগের প্রমাণ মেলেনি : শিক্ষামন্ত্রী**

ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার অভিযোগ এনে গত **১৩** মে নারায়ণগঞ্জের পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে স্থানীয় সংসদ সদস্য সেলিম ওসমান কর্তৃক কান ধরে ওঠবস করানোর ঘটনায় শিক্ষককে বরখাস্ত করায় ওই বিদ্যালয়ের পরিচালনা পর্ষদ বাতিল করেছে শিক্ষা মন্ত্রণালয়। সে সঙ্গে প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তের বরখাস্তের আদেশ অবৈধ ঘোষণা করে তাকে পুনর্বহাল করা হয়েছে। প্রধান শিক্ষককে কান ধরে ওঠবসের ঘটনায় গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন প্রকাশ উপলক্ষে গতকাল **১৯** মে বৃহস্পতিবার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে সংবাদ সম্মেলনে এ সিদ্ধান্তের কথা জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শিক্ষামন্ত্রী বলেন, প্রাথমিক অবস্থায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার অভিযোগের প্রমাণ পাওয়া যায়নি। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.**১**,ক.৫), **ইনকিলাব** (পৃ.**১**,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১**,ক.২), **ডেইলি সান** (পৃ.**১**,ক.৪), **জনকণ্ঠ, সংবাদ,**
**অবজারভার, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৪। দেশকে আরেক ধাপ উঁচুতে নিতে হলে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে**
**: প্রকাশনা উৎসবে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বাংলাদেশকে আরেক ধাপ উঁচুতে তুলতে হবে, যেখানে থাকবে শান্তি ও সমৃদ্ধি, কোনো বৈষম্য থাকবে না এবং সুশাসন থাকবে। কোনো দলবাজি, ক্ষমতাবাজি, দুর্নীতি থাকবে না। সেই ধাপে উন্নীত হতে হলে একদিকে যেমন রাজনৈতিক-দার্শনিক দৃষ্টিভঙ্গি লাগবে, অপরদিকে বিজ্ঞানের চর্চা, দক্ষ মানবসম্পদ ও শিক্ষার প্রয়োজন। বিজ্ঞানবিষয়ক সাময়িকী 'টেলিস্কোপ'র আইনস্টাইন ও সাধারণ

আপেক্ষিকতা সংখ্যা'র প্রকাশনা উৎসবে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। গতকাল ১৯ মে বৃহস্পতিবার পরমাণু শক্তি কেন্দ্রে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১)।

**৫। বাংলাদেশ-রাশিয়া বাণিজ্য বিলিয়ন ডলার ছাড়িয়েছে**

**: স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে বৈঠকে রাশিয়ার স্পিকার**

রাশিয়ান ফেডারেশনের ফেডারেল অ্যাসেম্বলির স্পিকার ও ইন্টার পার্লামেন্টারি অ্যাসেম্বলি অব দ্য কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটের (আইপিএসিআইএস) চেয়ারপার্সন ভ্যালেনটিনা ম্যাটভিয়েনকো বলেছেন, রাশিয়ার সঙ্গে বাংলাদেশের ব্যবসায়িক সম্পর্কের উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। আগের তুলনায় তা বর্তমানে ৬১ শতাংশ বৃদ্ধি পেয়েছে, আর্থিক দিক থেকে তা এক বিলিয়ন ডলার অতিক্রম করেছে। গ্যাস উত্তোলন ও তাপ বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে বাংলাদেশে রাশিয়ার আরও বড় ধরনের সুযোগ রয়েছে উল্লেখ করে তিনি দু'দেশের উচ্চ পর্যায়ের প্রতিনিধিদের সফরের ওপর গুরুত্বারোপ করেন। বাংলাদেশের জাতীয় সংসদের স্পিকার ও কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশনের (সিপিএ) চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে গতকাল ১৯ মে বৃহস্পতিবার সেন্ট পিটারসবার্গের তাভরিস্কি প্যালেসে অনুষ্ঠিত এক বৈঠকে রাশিয়ার স্পিকার একথা বলেন। সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** ( পৃ.১৪,ক.২), **সংবাদ** ( শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১১,ক.৫)।

**৬। রমজান মাসের প্রথম ১৫ দিন রাত ৮ টার পর দোকান খোলা রাখা যাবে না : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

রমজান মাসের শেষ ১৫ দিন অর্থাৎ ঈদ পর্যন্ত সারাদেশে দোকানপাট অনির্দিষ্ট সময় পর্যন্ত খোলা রাখা যাবে। তবে বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক রাখতে রমজানের প্রথম ১৫ দিন দোকানপাট ও বিপণিবিতান রাত ৮টার মধ্যে বন্ধ করতে হবে। গতকাল ১৯ মে বৃহস্পতিবার রমজান মাসে বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি নিয়ে আয়োজিত বৈঠকে এ নির্দেশনার কথা জানান বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু। বৈঠকে প্রধানমন্ত্রীর জ্বালানি উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী রমজান মাসে বিদ্যুৎ সাশ্রয়ের পরামর্শ দেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

**৭। বিশ্ব পুঁজিবাজারে ৫০ কোটি ডলারের বন্ড ছাড়বে পিডিবি : সেমিনারে তথ্য**

আন্তর্জাতিক পুঁজিবাজারে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ৫০ কোটি ডলারের বন্ড ছাড়া হবে। উন্নয়ন কাজের জন্য অর্থ জোগাড়ে এ বন্ড ইস্যু করবে সরকার। এ কাজে সহযোগিতার জন্য অর্থনৈতিক উপদেষ্টা নিয়োগ করা হবে। গতকাল ১৯ মে বৃহস্পতিবার এক সেমিনারে এ ঘোষণা দেন প্রধানমন্ত্রীর জ্বালানি উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী বীরবিক্রম। এছাড়া ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি) ও বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ বিদ্যুৎ কোম্পানির বিদেশের বাজারে বন্ড ছাড়ার কথা সেমিনারে জানানো হয়। সূত্র- **সমকাল** (পৃ.৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)

**৮। পুরুষ কর্মীদের জন্য এবার উন্মুক্ত হল সৌদি আরবের শ্রমবাজার**

দীর্ঘদিন বন্ধ থাকার পর সৌদি আরবে পুরুষ কর্মী পাঠানো শুরু হয়েছে। ফলে নারী কর্মীর পাশাপাশি পুরুষ কর্মীর জন্যও উন্মুক্ত হল বাংলাদেশের বৃহত্তম এ শ্রমবাজার। নারী কর্মীর মতোই এসব পুরুষ গৃহকর্মীও বিনা খরচেই নিচ্ছে সৌদি আরব। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সূত্র গতকাল ১৯ মে বৃহস্পতিবার এ তথ্য নিশ্চিত করেছে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৬)।

**৯। রমজানে ব্যাংকে লেনদেন আড়াইটা পর্যন্ত : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

অন্যান্য বছরে মতো আসন্ন রমজান মাসেও ব্যাংকের অফিস ও লেনদেনের সময়সূচিতে পরিবর্তন আনা হয়েছে। রমজানে প্রতিদিন সকাল সাড়ে ৯টা থেকে বেলা আড়াইটা পর্যন্ত লেনদেন হবে। এর মধ্যে বেলা ১টা ১৫ মিনিট থেকে দেড়টা পর্যন্ত নামাজের বিরতি থাকবে। গতকাল ১৯ মে বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংক এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৩,ক.১),
**যায়যায়দিন** (পৃ.১৫,ক.৬)।

**১০। বঙ্গোপসাগরে ধেয়ে আসছে ঘূর্ণিঝড় 'রোয়ানু' : সমুদ্রবন্দরে ৪ নম্বর সর্তক সংকেত**

ভারতের অন্ধ্র প্রদেশের কাছে বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণিঝড় 'রোয়ানু'র প্রভাবে গতকাল ১৯ মে বৃহস্পতিবার সাগর উত্তাল হয়ে উঠে। এজন্য চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরগুলোকে ৪ নম্বর স্থানীয় হুশিয়ারি সংকেত দেখাতে বলা হয়েছে। গভীর সাগরে অবস্থানরত সব মাছ ধরা নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। আবহাওয়া অধিদফতর সূত্রে জানা গেছে, তারা পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন।

ঘূর্ণিঝড় উপকূলে আঘাত হানার শংকা যেমন রয়েছে, তেমনি প্রচুর বৃষ্টি হলে এটি দুর্বল হওয়ার সম্ভাবনাও রয়েছে। এ নিয়ে চূড়ান্ত পূর্বাভাসের আগে আরও কিছু সময় পর্যবেক্ষণ করতে হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** ( শেষ পৃ.,ক.২)।

**১১। বিশ্ব পরিমাপ দিবস আজ**

বিশ্ব পরিমাপ (মেট্রোলজি) দিবস আজ। 'প্রগতিশীল বিশ্বে পরিমাপ' প্রতিপাদ্য সামনে রেখে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি পালিত হচ্ছে। এ উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশে পণ্যের মান নিয়ন্ত্রণকারী সংস্থা বিএসটিআই দিবসটি পালনে নানা উদ্যোগ নিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **যুগান্তর** (পৃ.১৫,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬)।